

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
পার্সোনেল সেবা শাখা
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০১৫.১১.০০১.১৮-৭০০

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৫
০১ জুলাই ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নিম্নবর্ণিত শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে Online-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম ও বেতনস্কেল	পদ সংখ্যা	যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫
১।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০৭ টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে।	গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, টাঙ্গাইল, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, রাজশাহী, জয়পুরহাট, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ এবং সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ।
২।	অফিস সহায়ক বেতন স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)	১০ টি	স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	গাজীপুর, মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, চাঁদপুর, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাজামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, বাগেরহাট, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, ভোলা, বালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ এবং সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ।

আবেদনের নিয়মাবলি এবং নিয়োগ সংক্রান্ত শর্তাবলি:

- আগ্রহী সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে ০৩-০৭-২০১৮ তারিখ হতে ২৩-০৭-২০১৮ তারিখের মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সফটওয়্যার কর্তৃক গৃহীত হবে না। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;
- ০১ জুলাই ২০১৮ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের বয়স ১৮-৩২ বছর। মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের বয়স ১৮-৩০ বছর হতে হবে। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৩. অনলাইনে আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে erecruitment কর্তৃক ইমেইল এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ইমেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপসমূহ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইট হতে নিবন্ধন গাইডলাইন ও আবেদনের গাইডলাইন অনুসরণ করতে হবে);
৪. Online-এ আবেদনের সময় নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) আপলোড করতে হবে;
৫. পরীক্ষার ফি হিসেবে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের সার্ভিস চার্জসহ ১১০ (একশত দশ) টাকা এবং অফিস সহায়ক পদে আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের সার্ভিস চার্জসহ ৫৫ (পঞ্চাশ) টাকা DBBL Mobile Banking (Rocket) এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) জমা করতে হবে;
৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। কোটাধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে;
৭. ডিপার্টমেন্টাল প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক অনুমতিপত্রসহ আবেদন করতে হবে।
৮. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে;
৯. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন, চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ সংশ্লিষ্ট সকল সনদপত্র/কাগজপত্রের মূল কপি এবং ০১ সেট সত্যায়িত ফটোকপি অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে;
১০. পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল ও ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে;
১১. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে;
১২. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
১৩. অনলাইন আবেদন করতে কোন সমস্যা হলে ০২-৮১৮১৩৯২-এক্সট ১০২ নং টেলিফোনে জনাব তানিমুল বারী এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
১৪. নিয়োগ বিজ্ঞপ্তিটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইট (www.ictd.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে।

(মুঃ জসীম উদ্দিন খান)
 উপসচিব (পার্সোনেল সেবা)
 ও
 সদস্য-সচিব
 বিভাগীয় নির্বাচন কমিটি
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।